



(http://www.technoglobalhospital.com)

# আজকাল

কলকাতা পাবলিকেশন্স প্রাইভেট লিমিটেড, ২০২১



(http://www.technoglobalhospital.com)

f Share

Tweet



## প্রতীচী ট্রাস্টের সমীক্ষা


# দুয়ারে সরকার দিদিকে বলো দারুণ সফল

### আজকালের প্রতিবেদন

‘দিদিকে বলো’ এবং ‘দুয়ারে সরকার’— মমতা ব্যানার্জি সরকারের দুই কর্মসূচি দারুণভাবে সফল। এই দুই কর্মসূচির বিপুল কার্যকারিতা ধরা পড়েছে

নোবেলজয়ী অমর্ত্য সেনের প্রতীচী ট্রাস্টের সমীক্ষায়। ট্রাস্টের বক্তব্য, এ রাজ্যের মহিলারা তাঁদের অধিকার আদায়ে যে দারুণভাবে সচেতন, এই দুই কর্মসূচির সাফল্যই তার প্রমাণ।

রাজ্য সরকারের এই দুই কর্মসূচি সম্পর্কে একটি সমীক্ষা রিপোর্ট প্রকাশ করেছে প্রতীচী ট্রাস্ট। তাতে বলা হয়েছে, মমতা সরকারের তরফে মানুষের ক্ষোভ ও অভিযোগ মোটানোর জন্য নেওয়া ওই দুই কর্মসূচি



সালে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অধীনে গঠন করা হয় পাবলিক থ্রিভাস রিড্রেসাল সেল। সাধারণ মানুষের ক্ষোভ জানা এবং তা সমাধানের লক্ষ্যেই প্রযুক্তি-ভিত্তিক এই প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছিল। দেখা যাচ্ছে এই প্ল্যাটফর্ম বা মঞ্চের সাহায্যে অনলাইনে

১০ লক্ষের বেশি মানুষ তাঁদের অভিযোগ সরাসরি রাজ্য সরকারের কাছে জানাতে পেরেছেন। অন্যদিকে দুয়ারে সরকার কর্মসূচির আওতায় শিবিরগুলিতে এসেছেন প্রায় ২ কোটি ৭৫ লক্ষ মানুষ। এবং ৯৫ শতাংশ ক্ষেত্রেই তাঁদের অভিযোগের ফয়সালা করা সম্ভব হয়েছে।

প্রতীচীর রিপোর্টে বলা হয়েছে, সমষ্টি উন্নয়ন-ভিত্তিক কর্মসূচি হওয়ায়, এই দুই কর্মসূচির মাধ্যমে সরকার বহু

রীতিমতো সফল। সমীক্ষায় জানা গেছে, ‘দুয়ারে সরকার’ কর্মসূচির মাধ্যমে উঠে আসা স্কেভ-অভিযোগের প্রায় ৯৫ শতাংশেরই সমাধান করা সম্ভব হয়েছে। অন্যদিকে, ‘দিদিকে বলো’ কর্মসূচির আওতায় স্কেভ-অভিযোগ জানানোর ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ ছিল প্রায় ৪৫ শতাংশ। ২০১৯ সালে ‘দিদিকে বলো’ এবং ২০২০ সালে ‘দুয়ারে সরকার’ কর্মসূচি চালু হয়েছিল। প্রতীচী ট্রাস্টের রিপোর্টে বলা হয়েছে, ২০১৯

## অমর্ত্য সেন

লোকের কাছে পৌঁছতে পেরেছে। নিজেদের অধিকার আদায়ে যে-সব মানুষ প্রাতিষ্ঠানিক পরিকাঠামোর কাছেই পৌঁছতেই পারেন না তাঁরাও এই দুই কর্মসূচির মাধ্যমে তাঁদের প্রাপ্য আদায় করতে সক্ষম হয়েছেন। বিশেষত গ্রামাঞ্চলের যে মানুষেরা সরকারি অফিস ও প্রতিষ্ঠানে খুব বেশি পৌঁছতে পারেন না, বিশেষভাবে তাঁদের জন্যই এই দুই কর্মসূচি চালু করা হয়েছিল।

● এরপর ৪ পাতায়